“যদিও মানছি দূরত্ব
তবুও আছি সংযুক্ত”

# জেলা আইসিটি বিষয়ক কমিটির আগষ্ট, ২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : শামীম আহমেদ, জেলা প্রশাসক, নাটোর

স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, নাটোর

তারিখ : ২১ আগষ্ট, ২০২২ খ্রি.

সময় : সকাল ১১: ৩০ টা

উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির আহবানে সদস্য সচিব সভায় বিগত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সভার কাজ শুরু করেন । অতঃপর পূর্ববতী সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | ই-ফাইল (নথি) সিস্টেম সংক্রান্ত | সভার শুরুতে সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সদস্য সচিবের নিকট ই-ফাইলিং-এর অবস্থা সম্পর্কে জানতে চাইলে তিনি জানান ই-ফাইলিং এর আপডেটের কাজ চলমান আছে। খুব শীগ্রই ই-নথি ডিজিটাল নথি অর্থ্যাৎ ডি-নথিতে রুপান্তরিত হবে। এতে অনেক নতুন ফিচার যুক্ত হবে এবং ই-নথির চেয়ে আরো দ্রুত এবং কার্যকরী হবে। ডি-নথিতে ভয়েস সিস্টেম থাকছে যা অটোমেটিক নোট লিখতে সহায়তা করবে। ডি-নথি বাস্তবায়নের হলে ডিজিটাল বাংলাদেশ বির্নিমানে বাংলাদেশ আরো একধাপ এগিয়ে যাবে। ইতিমধ্যে ডি-নথির নির্দেশিকা জেলা আইসিটি কার্যালয়ে বিতরণের জন্য প্রেরণ করা হয়েছে। ইতিমধ্যে জেলা পর্যায়ের অফিসসমূহের ১০০ জনের প্রশিক্ষণ শেষ হয়েছে। | ই-ফাইল (নথি) এর কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য করোনাকালীন সময়ে স্বাস্থ্যবিধি মেনে প্রশিক্ষণ পরিচালনা ও মনিটরিং এবং সকল সহকারী প্রোগ্রামারদের কাজ করতে হবে। | ১. প্রোগ্রামার, নাটোর।<br>২. সহকারী প্রোগ্রামার (সকল) নাটোর। |
| ২ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব | সভাপতি নাটোর জেলায় স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব সম্পর্কে জানতে চাইলে প্রোগ্রামার নাটোর জানান প্রতিটি ল্যাবে একজন করে ল্যাব সহকারী নিযুক্ত রয়েছে এবং বিভিন্ন প্রতিষ্ঠান থেকে সহকারী প্রোগ্রামারের কাছে ল্যাবের মালামাল সঠিক আছে মর্মে প্রত্যয়নের জন্য আবেদন করেছে। আতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জেলা শিক্ষা অফিসের সহকারী প্রোগ্রামার এর নিকট প্রতি সপ্তাহে ল্যাবগুলো ভিজিট করা হয় কিনা এবং মালামাল ঠিক আছে কিনা জানতে চাইলে প্রোগ্রামার নাটোর জানান তারা প্রতি সপ্তাহে ল্যাবগুলো ভিজিট করছেন এবং যেসব সমস্যা দেখা দেয় তা তারা সমাধান করেন। উপ-পরিচালক (স্থানীয় সরকার বিভাগ) জেলা শিক্ষা অফিসের সহকারি প্রোগ্রামারের নিকট পরবর্তী সভায় শেখ রাসেল ডিজিটাল ল্যাবের ভিজিটিং | শেখ রাসেল ডিজিটাল ল্যাবপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের আইসিটি শিক্ষকগণকে আইসিটি বিষয়ে দক্ষ করে গড়ে তুলতে নির্দেশনা প্রদান করেন এবং ল্যাবের যথাযথ রক্ষণাবেক্ষণ করতে হবে। | প্রোগ্রামার, নাটোর, জেলা শিক্ষা কর্মকর্তা, নাটোর, সহকারী প্রোগ্রামার (সকল), নাটোর। |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | রিপোর্ট উপস্থাপন করতে বললে তিনি জানান পরবর্তী মাস থেকে কতগুলো ল্যাব ভিজিট করা হলো তা উপস্থাপন করা হবে। | | |
| ৩ | ইউনিয়ন ডিজিটাল সেন্টার সংক্রান্ত | কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহকারী পরিচালক জানান যেহেতু ইউডিসি উদ্যোক্তারা এমআইএস সিস্টেমের মাধ্যমে বিভিন্ন ভাতাভোগীদের ভাতা প্রদান এবং মোবাইল ব্যাংকিং এর সাথে যুক্ত তাই তাদের আরো বেশি করে ভূমিকা পালন করতে হবে। তারা যদি ভুল তথ্য এন্ট্রি করে তবে ভুল তথ্য আসবে। তিনি প্রোগ্রামার, নাটোর এর নিকট জানতে চান উপজেলা অফিসগুলো কখন লাইভে আসবে। জবাবে প্রোগ্রামার জানান যে, ডি-নথি সিস্টেম চালু হলেই উপজেলা অফিসগুলো লাইভে চলে আসবে। | করোনাকালীন সময়ে স্বাস্থ্যবিধি মেনে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নাটোর; উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল), প্রোগ্রামার, নাটোর। |
| ৪ | শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্ত | জেলা শিক্ষা অফিসার, নাটোর জানান জেলায় ৩৪৮টি মাল্টিমিডিয়া ক্লাসরুম সক্রিয় রয়েছে। সভাপতি উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল), প্রোগ্রামার, নাটোরকে কোভিড-১৯ এর কারণে ডিজিটাল প্লাটফর্ম (জুম) ব্যবহার করে নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন এবং সমস্যা সমাধানের জন্য অনুরোধ করেন। | করোনাকালীন সময়ে স্বাস্থ্যবিধি মেনে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | জেলা প্রশাসক, নাটোর; উপজেলা নির্বাহী অফিসার (সকল), নাটোর; জেলা শিক্ষা অফিসার, নাটোর, সহকারী প্রোগ্রামার (সকল), নাটোর। |
| ৫ | উপজেলা পর্যায়ে আইসিটি কমিটির সভা সংক্রান্ত | সভায় প্রোগ্রামার, নাটোর জানান প্রতি মাসের ০৩ তারিখের মধ্যেই পূর্ববর্তী মাসের উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ করা আবশ্যক। উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণসহ নিয়মিত ওয়েব পোর্টালে আপলোড নিশ্চিতকরণের জন্য সহকারী প্রোগ্রামার (সকল) এবং প্রোগ্রামার, নাটোরকে সভাপতি নির্দেশনা প্রদান করেন। সকল উপজেলা গুলোতে নিয়মিত সভা করতে সভাপতি অনুরোধ করেন। উপজেলা আইসিটি সভার কার্যবিবরণী উপ-পরিচালক (স্থানীয় সরকার বিভাগ) নাটোর বরাবর পাঠানোর নির্দেশনা প্রদান করেন। উপজেলা পর্যায়ের আইসিটি কমিটির সভা নিয়মিত করতে হবে। | করোনাকালীন সময় স্বাস্থ্যবিধি মেনে জুম অ্যাপ্লিকেশন এর মাধ্যমে নিয়মিত সভা সংক্রান্ত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), প্রোগ্রামার নাটোর, সহকারী প্রোগ্রামার (সকল), নাটোর। |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৬ | কল সেন্টার (৩৩৩) | সভাপতি ৩৩৩ এর কার্যক্রমের সফল বাস্তবায়নের লক্ষ্যে ব্যাপক প্রচার ও প্রচারণার সম্পর্কে জানতে চাইলে সহকারী কমিশনার (আইসিটি), জানান এ কার্যালয়ের সকল পত্রের খামে '৩৩৩' যুক্ত সীল ব্যবহার করার জন্য সকল শাখায় '৩৩৩' যুক্ত সীল সরবরাহ করা হয়েছে। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) বলেন জেলা প্রশাসকের প্রশাসনিক কাজকে আরো গতিশীল করতে www.333.gov.bd নামে ওয়েব সাইট নিয়মিত আপডেট রাখতে হবে। ওয়েব সাইট এর বিষয়ে সকল ইউএনওদের সাথে কথা বলতে প্রোগ্রামার কে অনুরোধ করেন। www.333.gov.bd সাইটের মাধ্যমে প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তি করতে সভাপতি অনুরোধ করেন। | জেলা ও উপজেলা পর্যায়ে ব্যাপক প্রচার ও প্রচারণা নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), নাটোর; জেলার সকল সরকারী দপ্তর প্রধান; প্রোগ্রামার, নাটোর। |
| ৭ | শেখ কামাল ইনকিউবেশন সেন্টার ও হাইটেক পার্ক | সভাপতি শেখ কামাল ইনকিউবেশন সেন্টারের বর্তমান অবস্থা সম্পর্কে জানতে চাইলে প্রোগ্রামার, নাটোর জানান যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের "শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার" নাটোর-এ নিয়মিত ফ্রি-ল্যান্সিং প্রশিক্ষণ অব্যাহত রয়েছে। সকাল-সন্ধ্যা ১৬টা ব্যাচের প্রশিক্ষন চলছে। করোনাকালীন সময়ে ১০০০ জনের মধ্যে ১০০০ জনেরই বিভিন্ন ট্রেনিং সম্পর্ণ হয়েছে এবং পরবর্তী ট্রেনিং এর কার্যক্রম চলমান আছে। | সহকারী কমিশনার (আইসিটি) এবং প্রোগ্রামার, নাটোর এই প্রশিক্ষণ কার্যক্রম অনলাইনে মনিটরিং করবেন। সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) পুনরায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান বরাবর অতি দ্রুত তাগিদ পত্র এবং খোঁজখবর নেওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নাটোর; সহকারী কমিশনার (আইসিটি), নাটোর; প্রোগ্রামার নাটোর , নাটোর।ইনচার্জ, শেখ কামাল ইনকিউবেশন সেন্টার, নাটোর। |
| ৮ | ওয়েব পোর্টাল সংক্রান্ত | সভাপতি জেলার ওয়েব পোর্টাল সম্পর্কে জানতে চাইলে প্রোগ্রামার, নাটোর জানান যে, এ কার্যালয়ের তথ্য শতভাগ আপডেটেড রয়েছে। সভাপতি সকল দপ্তর প্রধানদের তাদের নিজ নিজ ওয়েব সাইট শতভাগ আপডেট আছে কিনা তা যাচাই করে দেখার জন্য স্ব স্ব দপ্তরকে নির্দেশনা প্রদান করেন। স্ব স্ব দপ্তরের ওয়েবসাইট অবশ্যই শতভাগ হালনাগাদ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। সহকারী কমিশনার আইসিটি জানান যে, অনেক দপ্তরের তথ্য প্রদানকারী কর্মকর্তার তথ্য আপডেট নাই এবং স্ব-প্রনোদিত তথ্য প্রকাশ করার বিষয়ে বললে উপ-পরিচালক (স্থানীয় সরকার বিভাগ) | জেলার সকল সরকারি দপ্তরের পোর্টাল হালনাগাদ রাখতে হবে এবং নিয়মিত তথ্য আপলোড করতে হবে। | প্রোগ্রামার, নাটোর এবং সহকারী প্রোগামার (সকল) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা এবং উপজেলা |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | বলেন প্রতিটি দপ্তরকে তার নিজ নিজ তথ্য ওয়েব সাইটে অবশ্যই প্রকাশ করতে হবে। এক্ষেত্রে ওয়েব পোর্টাল আপডেটেড রাখার বিষয়ে কোন সহযোগিতার প্রয়োজন হলে এ কার্যালয়ের প্রোগ্রামার, নাটোর ও সহকারী কমিশনার (আইসিটি) নাটোর এর সাথে যোগাযোগ করতে নির্দেশনা প্রদান করেন। | | কার্যালয়, নাটোর। |
| ৯ | করোনা (কোভিড-১৯) ভাইরাসজনিত দুর্যোগকালীন অফিস ব্যবস্থাপনা | করোনাকালীন সময়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনের আলোকে সরকার কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যবিধি ও শর্তাবলী মেনে আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, নাটোর এর দাপ্তরিক কাজে গতিশীলতা বজায় রাখতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | স্বাস্থ্যবিধি মেনে এবং দাপ্তরিক সকল কার্যক্রম আবশ্যিকভাবে নিয়মিত পরিচালনা করতে হবে। | সকল কর্মকর্তা/কর্মচারী আইসিটি অধিদপ্তর, নাটোর। |
| ১০ | স্কুল অব ফিউচার ল্যাব স্থাপন সংক্রান্ত | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক প্রণীত শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্পের ২য় পর্যায়ে সারা দেশের মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, কলেজ, মাদ্রাসা ও সম পর্যায়ের এবং বিভিন্ন সরকারি প্রশিক্ষন প্রতিষ্ঠানে ৫ হাজার টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন এবং এর মধ্যে থেকে প্রতিটি সংসদীয় আসনে ১টি করে মোট ৩০০টি শেখ রাসেল ডিজিটাল ল্যাবকে স্কুল অব ফিউচারে রুপান্তর করা হবে। এর প্রেক্ষিতে প্রতিটি সংসদীয় আসন থেকে ১৫টি প্রতিষ্ঠানের এবং সংরক্ষিত মহিলা আসন থেকে ৫টি প্রতিষ্ঠানের নাম আহবান করা হয়েছে। এতে করে ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে দক্ষ মানব সম্পদ তৈরীতে গুরুত্বপূর্ণ অবদান রাখবে। | সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা নির্বাহী অফিসা (সকল), জেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার (সকল)। |
| ১১ | উদ্যোক্তা সভা সংক্রান্ত | সকল ইউডিসি উদ্যোক্তাদের নিয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতি মহোদয় বলেন যে, উদ্যোক্তাদের জনগনের দোরগোড়ায় সেবা পৌছে দিতে হবে। কোনভাবেই যেন সেবাগ্রহিতা হয়রানীর স্বীকার না হয় সেদিকে অবশ্যই উদ্যোক্তাদের খেয়াল রাখতে হবে। সেবা প্রদানে উদ্যোক্তাদের আরো গতিশীলভাবে কাজ করতে সভাপতি নির্দেশ প্রদান করেন। জেলা আইসিটি মিটিং এ ৫-৭ জন উদ্যোক্তা সব সময় উপস্থিত থাকে সেটা নিশ্চিত করা হচ্ছে। | উদ্যোক্তাদের আরো বেশি সেবা প্রদান করে ডিজিটাল বাংলাদেশ নির্মাণ করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) নাটোর, সহকারী কমিশনার (আইসিটি), প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১২ | ইডিসি প্রকল্প | আইসিটি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ইডিসি প্রকল্প বাংলাদেশ সরকারের রুপকল্প ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ইডিসি প্রকল্প হাতে নিয়েছেন। প্রোগ্রামার নাটোর জানান যে, ইডিসি প্রকল্পের প্রধান উদ্দেশ্য হলো ডিজিটাল ইন্টারনেট কানেক্টিভিটি প্রতিষ্ঠা করা। ইডিসি প্রকল্প বাস্তবায়িত হলে ইন্টারনেটের ধীরগতি আর থাকবে না মর্মে সভাপতি মহোদয়কে প্রোগ্রামার নাটোর আশ্বস্ত করেন। | আইসিটি অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারী | প্রোগ্রামার এবং সকল সহকারী প্রোগ্রামার, নাটোর। |

অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০২/২০২২

(শামীম আহমেদ)
জেলা প্রশাসক
নাটোর।
ফোনঃ ০২৫৮৮৮৭৩৭৪১ (অফিস)
ইমেইল-dcnatore@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, নাটোর।
www.doict.natore.gov.bd

স্মারক সংখ্যা : ৫৬.০৪.৬৯০০.০০০.০৬.০০১.১৯.৭৪

তারিখ : ০৬ ভাদ্র, ১৪২৯ বাংলা
২১ আগষ্ট, ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, বিসিসি ভবন (৫ম তলা), ই-১৪/এক্স, আগারগাঁও, ঢাকা-১২০৭।
০৩. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
০৪. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা।
০৫. নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, শেরে বাংলা নগর, ঢাকা।
০৬. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৭. প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০৮. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, শেরে-ই-বাংলা নগর, ঢাকা (মাননীয় ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী মহোদয়ের অবগতির জন্য)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. পুলিশ সুপার, নাটোর
০২. সিভিল সার্জন, নাটোর
০৩. প্রধান নির্বাহী, জেলা পরিষদ, নাটোর
০৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নাটোর
০৫. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নাটোর
০৬. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নাটোর
০৭. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নাটোর
০৮. জেলা মৎস্য কর্মকর্তা, নাটোর
০৯. উপ-পরিচালক, সমাজসেবা অফিস, নাটোর
১০. অধ্যক্ষ, এন.এস. কলেজ, নাটোর
১১. অধ্যক্ষ, নাটোর সরকারি মহিলা কলেজ, নাটোর
১২. জেলা শিক্ষা অফিসার, নাটোর
১৩. সহকারী প্রকৌশলী, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, নাটোর
১৪. প্রধান শিক্ষক, নাটোর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, নাটোর
১৫. অধ্যক্ষ নাটোর কারিগরি ও ভোকেশনাল ইন্সটিটিউট, নাটোর
১৬. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নাটোর
১৭. ইনচার্জ, শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার, নাটোর
১৮. ডেপুটি ম্যানেজার, ফাইবার এট হোম, নাটোর
১৯. ব্যবস্থাপনা পরিচালক, নাটোর সফট, নাটোর
২০. জেলা কো-অর্ডিনেটর CRI-Young Bangla, নাটোর
২১. প্রোপ্রাইটর, ব্লুরীজ টেকনোলজিস, নাটোর
২২. .........................................................................নাটোর

29/09/2022

(মোঃ সেলিম হোসেন)
প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, নাটোর।
ফোন-০২৫৮৮৮৭৩৩৪৩